

# ইসলামী বিশ্ববিদ্যালয় ছাত্রশিবিরের সভাপতি মাহমুদুল, সেক্রেটারি ইউসুব

ইসলামী বিশ্ববিদ্যালয়  
প্রতিনিধি

০৫ জানুয়ারি, ২০২৫  
১৯:৩৮

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) শাখার নতুন কমিটি গঠিত হয়েছে। ২০২৫ সেশনের এ কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের মাহমুদুল হাসান। আর সেক্রেটারি মনোনীত হয়েছেন আল-হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের একই শিক্ষাবর্ষের ইউসুব আলী।

রবিবার (৫ জানুয়ারি) সন্ধ্যায় সংগঠনটির পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী একটি মিলনায়তনে সদস্য সমাবেশে নির্বাচন সম্পন্ন হয়। সমাবেশে ছাত্রশিবিরের কেন্দ্রীয় কমিটির সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম সাদামের নেতৃত্বে কেন্দ্রীয় কার্যকরী পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

কেন্দ্রীয় সভাপতি স্বাক্ষরিত ব্যালট পেপারে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। ভোট গণনা শেষে সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম সাদাম সর্বাধিক ভোটপ্রাপ্ত মাহমুদুল হাসানকে সভাপতি হিসেবে ঘোষণা করেন এবং পরে নবনির্বাচিত সভাপতিকে শপথবাক্য পাঠ করান।

সদস্যদের পরামর্শের ভিত্তিতে নবনির্বাচিত সভাপতি মাহমুদুল হাসান শাখা সেক্রেটারি হিসেবে ইউসুব আলীর নাম ঘোষণা করেন।

নবনির্বাচিত সভাপতি এর আগে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সেক্রেটারি, অফিস সম্পাদক, অর্থ সম্পাদক, এইচ আর ডি সম্পাদক ও ফাউন্ডেশন সম্পাদকের দায়িত্ব পালন করেছেন।

সেক্রেটারি ইউসুব আলী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের অফিস সম্পাদক, অর্থ সম্পাদক, সাহিত্য সম্পাদক, সহকারী এইচ আর ডি সম্পাদকের দায়িত্ব পালন করেন।